

মনোবিজ্ঞান বিভাগের ‘মনকথা’ নামক সাময়িকীর তৃতীয় সংখ্যার মোড়ক
উন্মোচন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের নিয়মিত প্রকাশনা ‘মনকথা’ নামক সাময়িকীর তৃতীয় সংখ্যার মোড়ক উন্মোচন অনুষ্ঠান ৩ সেপ্টেম্বর-২০১৮, সোমবার উপাচার্য মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ‘মনকথা’-এর তৃতীয় সংখ্যার মোড়ক উন্মোচন করেন।

এসময় লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা, প্রক্টর ও বিভাগীয় শিক্ষক অধ্যাপক ড. নূর মোহাম্মাদসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এবারের সাময়িকীতে শিক্ষক এবং গবেষকদের প্রায় বারটি নিবন্ধ প্রকাশিত হয়েছে।